

সুশান্তের ময়নাতদন্ত নিয়ে এবার বিস্ফোরক দিদি শ্বেতা


বাংলা আজ যা ভাবে

# নয়া জামানা

৯ আশ্বিন ।। ১৪৩৩।। সোমবার ২৮ সেপ্টেম্বর ২০২৬ ।। ১ ম বর্ষ ৫৯৭ সংখ্যা ।। ৮ পাতা




সংসদে প্রত্যাবর্তন আমেঠির . 'বিস্মৃত' স্মৃতির!

পাক বর্বরতায় রক্তাক্ত বালোচিস্তান! 'হিন্দুস্তান, আমাদের বাঁচান', বুক ফাটা আর্তনাদ বালোচ কিশোরীর



ভেঙে পড়ল আস্ত পাহাড়! প্রকৃতির রোষে ফের বিধ্বস্ত নেপাল, মৃত অন্তত ২৪



এবার পানীয় জলের উৎসসন্ধানে ভারত-ফ্রান্স যৌথ মহাকাশ অভিযান, আকাশে উড়ে জল খুঁজবে 'তৃষ্ণা'



# গঙ্গাসাগর মেলাকে 'রাষ্ট্রীয় মেলার মর্যাদা দেওয়া হবে ঃ নীতিন নবীন



**নয়া জামানা গঙ্গাসাগর ঃ** দু'দিনের পশ্চিমবঙ্গ সফরে একাধিক সাংগঠনিক কর্মসূচির ব্যস্ততার মধ্যেই সোমবার সকালে গঙ্গাসাগরে পৌঁছলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতীন নবীন। গঙ্গা ও বঙ্গোপসাগরের সঙ্গমস্থলে পুণ্যস্নান করার পাশাপাশি কপিল মুনির আশ্রমে পুজো দেন তিনি। তাঁর সঙ্গে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং দলের কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনসল। গঙ্গাসাগর সফর ঘিরে এদিন এলাকায় নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা হয়েছিল। সোমবার সকালে কপ্টারে গঙ্গাসাগরে পৌঁছন নীতীন নবীন। প্রথমে সাগরসঙ্গমে গিয়ে পুণ্যস্নান করেন তিনি। এরপর শমীক ভট্টাচার্য ও সুনীল বনসলকে সঙ্গে নিয়ে কপিল মুনির আশ্রমে যান। সেখানে পুজো দিয়ে পশ্চিমবঙ্গবাসীর মঙ্গল ও সুস্বাস্থ্য কামনা করেন বিজেপির সর্বভারতীয় সভাপতি। পুজো শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে নিজের গঙ্গাসাগর সফরের কারণ জানান নীতীন নবীন। তিনি বলেন, পশ্চিমবঙ্গের মানুষ যে আস্থা নিয়ে বিজেপিকে ক্ষমতায় এনেছেন, সেই আস্থা বজায় রাখতে তাঁরা মনপ্রাণ দিয়ে কাজ করবেন। আরও ভালোভাবে কাজ করার জন্য আশীর্বাদ চেয়েই তিনি কপিল মুনির আশ্রমে পুজো দিয়েছেন বলেও জানান। তবে নীতীন নবীনের গঙ্গাসাগর সফরের সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হয়ে ওঠে গঙ্গাসাগর মেলার জাতীয় মেলার স্বীকৃতির প্রসঙ্গ। দীর্ঘদিন ধরেই গঙ্গাসাগর মেলাকে জাতীয় মেলার মর্যাদা দেওয়ার দাবি রয়েছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিজেপির সর্বভারতীয় সভাপতি জানান, এই দাবি তাঁদের জানা রয়েছে। বিষয়টি নিয়ে ভাবনাচিন্তা চলছে এবং দ্রুত সেই দাবি পূরণ হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তাঁর এই বক্তব্যের পর গঙ্গাসাগর মেলার জাতীয় স্বীকৃতি নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। তবে সোমবার পর্যন্ত কেন্দ্রীয় সরকারের তরফে গঙ্গাসাগর মেলাকে আনুষ্ঠানিকভাবে 'জাতীয় মেলা' হিসেবে স্বীকৃতি দেওয়ার কোনও সরকারি ঘোষণা হয়নি। নীতীন নবীনের বক্তব্যে মূলত দাবি পূরণের বিষয়ে আশাবাদ এবং বিষয়টি নিয়ে আলোচনার কথাই উঠে এসেছে। পৌষ সংক্রান্তিকে কেন্দ্র করে প্রতি বছর গঙ্গাসাগরে বিশাল মেলার আয়োজন হয়। দেশের বিভিন্ন প্রান্ত থেকে লক্ষ লক্ষ পুণ্যার্থী এই তীর্থস্থানে আসেন। গঙ্গা ও বঙ্গোপসাগরের সঙ্গমস্থল এবং কপিল মুনির আশ্রমকে ঘিরে গঙ্গাসাগরের ধর্মীয় ও সাংস্কৃতিক গুরুত্ব দীর্ঘদিনের। ফলে মেলাটিকে জাতীয় মেলার মর্যাদা দেওয়ার দাবি বিভিন্ন সময়ে রাজনৈতিক ও প্রশাসনিক মহলেও উঠেছে। এর আগে রাজ্য সরকারের তরফেও গঙ্গাসাগর মেলার জাতীয় স্বীকৃতির দাবি কেন্দ্রের কাছে তোলা হয়েছিল। গঙ্গাসাগরকে ঘিরে যোগাযোগ ব্যবস্থা ও পরিকাঠামো উন্নয়নের একাধিক উদ্যোগও নেওয়া হয়েছে। সাম্প্রতিক সময়েও গঙ্গাসাগরকে জাতীয় মেলার মর্যাদা দেওয়ার দাবি নিয়ে রাজনৈতিক মহলে আলোচনা হয়েছে। এদিকে নীতীন নবীনের পশ্চিমবঙ্গ সফরের মূল লক্ষ্য ছিল দলের সাংগঠনিক কর্মসূচিতে অংশ নেওয়া। রাজ্যে নতুন সরকার গঠনের পর প্রথম দলীয় কর্মসূচিতে যোগ দিতে বাংলায় এসেছেন তিনি। সফরের প্রথম দিন থেকেই রাজ্য নেতৃত্ব, সাংসদ, বিধায়ক এবং বিভিন্ন শাখা সংগঠনের পদাধিকারীদের সঙ্গে একাধিক বৈঠক করেন বিজেপির সর্বভারতীয় সভাপতি। সংগঠনের বিভিন্ন স্তরের কার্যক্রম নিয়েও আলোচনা হয় তাঁর সঙ্গে। সোমবারও গঙ্গাসাগর সফরের পাশাপাশি তাঁর একাধিক কর্মসূচি রয়েছে। ফলে রাজনৈতিক ব্যস্ততার মাঝেই নীতীন নবীনের গঙ্গাসাগর যাত্রা এবং জাতীয় মেলার স্বীকৃতি নিয়ে তাঁর বক্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এখন নজর থাকবে, গঙ্গাসাগর মেলাকে জাতীয় মেলার মর্যাদা দেওয়ার বিষয়ে কেন্দ্রীয় স্তরে পরবর্তী সময়ে কী পদক্ষেপ করা হয়।

## টেলিগ্রাফ স্কুল অ্যাওয়ার্ডে সম্মানিত চাঁচলের শুক্রবারী মাদ্রাসা

**নয়া জামানা, মালদা ঃ** উত্তরবঙ্গের শিক্ষা মানচিত্রে নতুন পালক যুক্ত করল মালদা জেলার চাঁচলের শুক্রবারী আবুল কাশেম হাই মাদ্রাসা (উ.মা.)। মর্যাদাপূর্ণ 'দ্য টেলিগ্রাফ স্কুল অ্যাওয়ার্ডস ফর এক্সিলেন্স - নর্থ বেঙ্গল চ্যাপ্টার ২০২৬'-এ 'সার্টিফিকেট অফ অনার' অর্জন করেছে এই সরকারি সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠানটি। শিলিগুড়িতে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে মাদ্রাসার প্রধান শিক্ষক ড. ওবাইদুর রহমানের হাতে 'দ্য সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন মেইনটেনেন্স অ্যান্ড ইকো-ফ্রেন্ডলি ইনিশিয়েটিভস' পুরস্কারটি তুলে দেওয়া হয়। বিদ্যালয় চত্বরে পরিচ্ছন্নতা, সুনির্দিষ্ট রক্ষণাবেক্ষণ এবং পরিবেশ-বান্ধব পরিবেশ গড়ে তোলার জন্য এই সম্মাননা প্রদান করা হয়। ক্যাম্পাস প্লাস্টিক মুক্ত রাখা, ব্যাপক বৃক্ষরোপণ, কার্যকর বর্জ্য ব্যবস্থাপনা, রেইন ওয়াটার হারভেস্টিং এবং পড়ুয়াদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধির প্রশংসনীয় উদ্যোগ নজর কেড়েছে বিচারকদের। এই ঐতিহাসিক সাফল্যে উচ্ছ্বসিত শিক্ষক, ছাত্র ও স্থানীয় বাসিন্দারা। প্রধান শিক্ষক ড. ওবাইদুর রহমান জানান, পুঁথিগত শিক্ষার পাশাপাশি পড়ুয়াদের মধ্যে সামাজিক ও পরিবেশ সচেতনতা গড়ে তোলাই তাঁদের মূল উদ্দেশ্য। উত্তরবঙ্গের নামী বহু স্কুলকে পিছনে ফেলে এই সাফল্য অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের কাছেও অনুপ্রেরণা হয়ে থাকবে।

## ডিএম অফিস অভিযানে বাঁকুড়ায় কংগ্রেসের বিক্ষোভ




**নয়া জামানা, বাঁকুড়া ঃ** ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগ ও গ্রেপ্তারের দাবিতে বাঁকুড়ায় সোচ্চার হল বাঁকুড়া জেলা কংগ্রেস। দেশব্যাপী আন্দোলনের অংশ হিসেবে আয়োজিত এই কর্মসূচিতে আজ উত্তাল হয়ে ওঠে বাঁকুড়া শহরের মাচানতলা এলাকা। বাঁকুড়া জেলা কংগ্রেস কমিটির সভাপতি অভিষেক বিশ্বাসের নেতৃত্বে তামলিবাঁধ এলাকা থেকে এক বিশাল প্রতিবাদ মিছিল বের হয়। প্ল্যাকার্ড, ব্যানার এবং দলীয় পতাকা হাতে দলীয় কর্মী-সমর্থকেরা সরব স্লোগানে শহর পরিক্রমা করে ডিএম অফিসের দিকে এগিয়ে যান।ডিএম অফিসের সামনে পৌঁছাতেই আন্দোলনকারীদের শক্ত পুলিশি ব্যারিকেডের মুখে পড়তে হয়। ব্যারিকেড দেখে ক্ষুব্ধ কংগ্রেস কর্মীরা রাস্তায় বসেই দীর্ঘক্ষণ পথ অবরোধ ও জোরালো বিক্ষোভ প্রদর্শন করেন। দলীয় নেতৃত্বের স্পষ্ট হুঁশিয়ারি, নির্বাচন কমিশনার অবিলম্বে পদত্যাগ না করলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবে কংগ্রেস।

## অবৈধ পাথর পাচারের চেষ্টা বানচাল আলিপুরদুয়ারে,



**নয়া জামানা, আলিপুরদুয়ার ঃ** আলিপুরদুয়ারে অবৈধ পাথর পাচারের বিরুদ্ধে সাফল্য পেল জেলা পুলিশ। এলাকায় রুটিন তল্লাশি চালানোর সময় বিপুল পরিমাণ পাথর বোঝাই একটি ডাম্পার বাজেয়াপ্ত করার পাশাপাশি আটক করা হয়েছে চালককে।পুলিশ সূত্রে জানা গেছে, ভাটিবাড়ি আউটপোস্টের অন্তর্গত কদমতলা এলাকায় নাকা ও নিয়মিত চেকিং চালাচ্ছিল পুলিশ। সেই সময় সন্দেহভাজন একটি ডাম্পারকে থামিয়ে তল্লাশি চালানো হয়। গাড়িটিতে প্রচুর পরিমাণে পাথর ছিল। চালকের কাছে পাথর পরিবহণ সংক্রান্ত বৈধ কাগজপত্র এবং সরকারি রয়্যালটির চালান দেখতে চাওয়া হলে তিনি কোনো নথিপত্র দেখাতে ব্যর্থ হন।বৈধ কাগজপত্র না থাকায় পুলিশ ডাম্পারটি আটক করে এবং চালককে গ্রেফতার করে। ধৃত ব্যক্তির বিরুদ্ধে নির্দিষ্ট আইনি ধারায় মামলা রুজু করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পুলিশ জানিয়েছে, এলাকায় এ ধরনের অবৈধ পাচার রুখতে তল্লাশি অভিযান লাগাতার বজায় থাকবে।

## বক্সা ব্যাঘ্র প্রকল্পে টানা চার দিন বন্ধ থাকছে পর্যটন পরিষেবা

**অভিজিত চক্রবর্তী, নয়া জামানা, আলিপুরদুয়ার ঃ** বক্সা ব্যাঘ্র প্রকল্পে আগামী ৩০ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর পর্যন্ত টানা চার দিন সমস্ত ধরনের পর্যটন কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।

আলিপুরদুয়ার জেলার এই গুরুত্বপূর্ণ ব্যাঘ্র প্রকল্পে টাইগার রি-ইন্ট্রোডাকশন প্রোগ্রাম বা বাঘ পুনর্বাসন কর্মসূচি শুরু হতে চলেছে। এই বিশাল ও সংবেদনশীল প্রক্রিয়াটি অত্যন্ত নিখুঁত এবং নির্ঝঞ্ঝাটে সম্পন্ন করতেই পশ্চিমবঙ্গ বন দপ্তর সমস্ত ধরনের পর্যটন পরিষেবা স্থগিত রাখার সিদ্ধান্তের কথা ঘোষণা করেছে।পশ্চিমবঙ্গ বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্পের মুখ্য বনপাল ও ক্ষেত্র অধিকর্তা কুমার বিমল একটি সরকারি নির্দেশিকা জারি করে এই বিষয়টি নিশ্চিত করেছেন।

নির্দেশে জানানো হয়েছে, এই চার দিন বক্সা বনাঞ্চলের সমস্ত রেঞ্জে জঙ্গল সাফারি, ব্যাঘ্র প্রকল্পের অভ্যন্তরে পর্যটকদের প্রবেশ এবং পর্যটন সংক্রান্ত অন্যান্য সব ধরনের কার্যকলাপ পুরোপুরি নিষিদ্ধ থাকবে। মূলত বন্যপ্রাণীদের নিরাপত্তা সুনিশ্চিত করা এবং নতুন পরিবেশে বাঘদের মানিয়ে নেওয়ার ক্ষেত্রে যাতে কোনো মানুষের আনাগোনা বা গাড়ি চলাচলের ফলে বিঘ্ন না ঘটে, তার জন্যই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।দীর্ঘদিন পর বক্সার জঙ্গলে বাঘের সংখ্যা বৃদ্ধি এবং তাদের প্রাকৃতিক আবাসে ফিরিয়ে আনার এই বড় উদ্যোগ উত্তরবঙ্গের পর্যটনে এক নতুন আশার আলো দেখাচ্ছে।